অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রাজ্যব্যাপী ঠিকানা-স্তরের ব্রডব্যান্ড ম্যাপ প্রকাশ করার ঘোষণা করেছেন

গভর্নরের 2022 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ 1 বিলিয়ন ডলারের কানেক্টঅল উদ্যোগ - নিউ ইয়র্কের 21 শতকের পরিকাঠামোতে এ সর্বকালের বৃহত্তম বিনিয়োগ

এই ধরনের প্রথম মানচিত্র ব্রডব্যান্ডের প্রাপ্যতায় যে ব্যবধান আছে তার মোকাবেলায় রাজ্যের প্রচেষ্টাকে নির্দেশিত করার জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ প্রদান করে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশন (New York State Public Service Commission) একটি এই ধরনের প্রথম ইন্টারেক্টিভ ব্রডব্যান্ড মানচিত্র প্রকাশ করেছে নিউ ইয়র্কে এখন পর্যন্ত ব্রডব্যান্ড পরিকাঠামোর সব চেয়ে বিশদ বিবরণ প্রদান করতে। মানচিত্রটি, এবং তার সাথে একটি সহগামী প্রতিবেদন হল 80,000 মাইলেরও বেশি এলাকা জুড়ে রাজ্যের সব চেয়ে প্রত্যন্ত অঞ্চলে কমিশন দ্বারা পরিচালিত বহু মাস ধরে করা অকুস্থলের মূল্যায়নের ফলাফল। সঠিক তথ্য সংগ্রহের জন্য, কমিশন 60টি ইন্টারনেট পরিষেবা প্রদানকারীর সাথে সহযোগিতা করে এবং নিউ ইয়র্কের হাজার হাজার গ্রাহকের জরিপ করে।

"আমরা আমাদের দৈনন্দিন জীবনে ব্যবহার করি এমন মৌলিক পরিষেবাগুলি এবং তথ্য অ্যাক্সেস করার জন্য উচ্চ-গতির ইন্টারনেট আগের চেয়ে অনেক বেশি প্রয়োজনীয়," **গভর্নর হোকল বলেছেন।** "এই ম্যাপিংটি পেয়ে আমরা দেখতে পাই কোথায় রাজ্য এবং ফেডারেল ব্রডব্যান্ড তহবিলকে নির্দেশিত করতে হবে অ-পরিবেশিত এবং সুবিধাবঞ্চিত এলাকাগুলিকে সংযুক্ত করার জন্য। এই ঠিকানা-নির্দিষ্ট সরঞ্জামটি হল এমন একটি যা ব্যবহার করে আমরা বহুদিন ধরে সংযোগ বিচ্ছিন্ন হয়ে থাকা অঞ্চলগুলিতে সংযোগের প্রয়োজনীয়তার আরও সঠিক চিত্র প্রদান করতে পারি।"

মানচিত্রটি তৈরির আগে বেশিরভাগ রাজ্যের মতো নিউ ইয়র্ক সেই ফেডারেল ডেটার উপর আংশিকভাবে নির্ভর করত যেখানে সমগ্র এলাকাকে পরিবেশিত হিসাবে নির্দিষ্ট করার জন্য শুধু ব্রডব্যান্ড প্রদানকারীদের একটি সেনসাস ব্লকের একটি ঠিকানায় পরিষেবা সরবরাহ করা প্রয়োজন হত। ঠিকানার-স্তরের ডেটা সংগ্রহ করার মাধ্যমে নিউ ইয়র্ক এখন আরও বিস্তারিত উপায়ে কোন অবস্থানগুলিতে পরিষেবা প্রদান করা হয়েছে, সুবিধাবঞ্চিত এবং অপরিবেশিত তা চিত্রিত করতে সক্ষম যা রাজ্য এবং ফেডারেল তহবিল বরাদ্দ করতে সহায়তা করবে।

সাশ্রয়ী মূল্যের এবং নির্ভরযোগ্য ব্রডব্যান্ড প্রসারিত করার জন্য স্থানীয় প্রচেষ্টাকে সমর্থন করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) মধ্যে অবস্থিত কানেক্টঅল (ConnectALL) পরিকল্পনা, প্রকৌশলী এবং অ্যাক্সেসযোগ্য ব্রডব্যান্ডের পরিবকাঠামো নির্মাণের জন্য তহবিল প্রদানের জন্য রাজ্য এবং ফেডারেল স্তরে অনুদানের প্রোগ্রামগুলি স্থাপন ও পরিচালনা করবে। নিউ ইয়র্কের প্রতিটি কোণায় অন্যান্য রাজ্যের এজেন্সি, পৌরসভা এবং বিভিন্ন দলের স্টেকহোল্ডারদের সাথে সংযোগ এবং সমন্বয়ের জন্য ESD হবে রাজ্যব্যাপী নেতা। এই প্রচেষ্টাগুলি নিশ্চিত করবে যে অর্থায়নটি এমন জায়গায় নির্দেশিত হয় যেখানে সব চেয়ে বেশি প্রয়োজন এবং যেখানে প্রতিটি সম্প্রদায়ের সাথে সংযোগ স্থাপনের জন্য প্রয়োজনীয় সমর্থন এবং সংস্থান রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশনের (New York State Public Service Commission) চেয়ারম্যান ররি এম. ক্রিশ্চিয়ান বলেছেন, "গভর্নর হোকল জানেন যে উচ্চ-গতির ইন্টারনেট আজকের বিশ্বে একটি বড় সমতাকারক কারণ এটি আমাদের দৈনন্দিন জীবনে প্রয়োজনীয় মৌলিক পরিষেবা এবং তথ্য অ্যাক্সেস করার জন্য অপরিহার্য। এই যুগান্তকারী অধ্যয়নের সাথে আমরা রাজ্যের প্রতিটি অংশে উচ্চ-গতির ব্রডব্যান্ড উপলব্ধ রয়েছে তা নিশ্চিত করার জন্য কাজ করব।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেছেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসীর সাশ্রয়ী মূল্যের এবং নির্ভরযোগ্য ব্রডব্যান্ডের অ্যাক্সেস রয়েছে তা নিশ্চিত করার প্রথম পদক্ষেপগুলির মধ্যে একটি হল রাস্তার স্তরে যেখানে কভারেজ বিদ্যমান রয়েছে তা চিহ্নিত করা। এই মানচিত্রগুলি কানেক্টঅল অফিসকে কার্যকরভাবে তহবিল পরিচালনার করার জন্য অনেকখনি কাজ করবে যা সকল নিউ ইয়র্কবাসীদের উপকৃত করবে। আরও গুরুত্বপূর্ণ, এটি ডিজিটাল ইক্যুইটি এবং প্রতিযোগিতা মোকাবেলার একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসাবে কাজ করে যাতে নিউ ইয়র্ক স্টেট অবশেষে ডিজিটাল বিভাজন পূরণ করতে পারে।"

ইন্টারেক্টিভ মানচিত্রটি ব্যবহারকারীদের রাজ্যের ব্রডব্যান্ড প্রাপ্যতা অন্বেষণ করতে দেয়। কোন প্রদানকারী উপলব্ধ, কোন প্রযুক্তি সেই প্রদানকারীরা ব্যবহার করছে এবং তারা কী গতি এবং মূল্যের প্যাকেজ অফার করছে তা দেখতে ব্যবহারকারীরা একটি ঠিকানা অনুসন্ধান করতে সক্ষম হবেন। ব্যবহারকারীরা কাউন্টি, পৌরসভা, এবং স্কুল ডিস্ট্রিক্ট স্তরেও অনুসন্ধান করতে সক্ষম হন যাতে প্রতিটি লেভেলে পরিবেশিত, সুবিধাবঞ্চিত বা অপরিবেশিত জনসংখ্যার শতাংশের উপর ডেটা প্রাপ্ত হয়।

নতুন মানচিত্রটি একক নিউ ইয়র্কবাসীদের এবং নীতি নির্ধারকদের কোন অবস্থানগুলি পরিবেশিত, সুবিধাবঞ্চিত বা অপরিবেশিত সেগুলির আরও সঠিক উপস্থাপনা বিশ্লেষণ করতে দেবে। কমিশন দেখেছে যে নিউ ইয়র্ক স্টেটের ঠিকানাগুলির 97.4 শতাংশ উচ্চ-গতির ব্রডব্যান্ড পরিষেবা প্রদানকারীদের দ্বারা পরিবেশিত হয়। মানচিত্রটি দেখায় যে উচ্চ-গতির ব্রডব্যান্ড পরিষেবাগুলি মূলত গ্রামীণ অঞ্চলে বসবাসকারী বহু নিউ ইয়র্কবাসীর কাছে অনুপলব্ধ, হ্যামিল্টন কাউন্টি এবং লুইস কাউন্টির মতো জায়গায়, যা জায়গাগুলি যথাক্রমে 70.2 শতাংশ

এবং 73 শতাংশ পরিবেশিত হয়। অধিকন্তু, এটি দেখায় যে সর্বনিম্ন মধ্যম আয় সহ কাউন্টিগুলিতে ব্রডব্যান্ডের জন্য গড় মূল্য সর্বোচ্চ এবং পরিবেশিত অবস্থানগুলির শতাংশ সর্বনিম্ন।

গত মাসে, গভর্নর হোকল ঘোষণা করেছিলেন যে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কানেক্টঅল চার-কাউন্টি মডেল প্রকল্প গ্রামীণ এলাকায় বসবাসকারী আরও নিউ ইয়র্কবাসীদের কাছে সাশ্রয়ী মূল্যের ব্রডব্যান্ড ইন্টারনেট পরিষেবা নিয়ে আসার জন্য। চেনাঙ্গো কাউন্টির শেরবার্ন গ্রাম, টিওগা কাউন্টির নিকোলসের শহর, লুইস কাউন্টির ডায়ানার শহর এবং সেন্ট লরেন্স কাউন্টির পিটকের্ন শহর হল এই প্রথম মোতায়েনের সুবিধা লাভ করা প্রাথমিক পৌরসভাসমূহ।

এই প্রচেষ্টাগুলি একটি অত্যন্ত বিশদ স্তরে ব্রডব্যান্ড প্রাপ্যতার ম্যাপিংয়ে বড় অগ্রগতির ইঙ্গিত দেয়। কমিশনের ব্রডব্যান্ড ম্যাপিং বিভাগ বছরের বাকি সময় ধরে এই ডেটা পরিশোধনকে অগ্রাধিকার দিতে থাকবে। পরিমার্জন পর্যায়ে সহায়তা করার জন্য, ব্যবহারকারীরা ভুলত্রুটি রিপোর্ট করতে মানচিত্রে প্রতিক্রিয়া প্রদান করতে পারেন এবং/অথবা ভবিষ্যতের পুনরাবৃত্তিতে কমিশন কীভাবে মানচিত্রটিকে উন্নত করতে পারে তার জন্য সাধারণ প্রতিক্রিয়া প্রদান করতে পারেন। উপরন্তু, ব্যবহারকারীদের পরিষেবার তথ্য যাচাই করার জন্য সরাসরি প্রদানকারীদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) অন্তর্বর্তী প্রেসিডেন্ট এবং সিইও জাস্টিন ই. ড্রিসকল বলেছেন, "আমি মে মাসে চেনাঙ্গো কাউন্টির শেরবার্নে যাওয়ার সৌভাগ্য হয়েছিল এবং সরাসরি প্রত্যক্ষ করতে পেরেছি যে সম্প্রদায়ের সদস্যরা তাদের এলাকায় ব্রডব্যান্ড পরিষেবার উন্নতির বিষয়ে কতটা উচ্ছ্বাসিত শেরবার্ন ইলেকট্রিকের সাথে NYPA-এর পাইলট প্রকল্পের মাধ্যমে, যেখানে আমরা কাউন্টিতে আমাদের ট্রান্সমিশন পরিকাঠামো ব্যবহার করে ব্রডব্যান্ডের সাথে সংযোগ স্থাপন করছি। ব্রডব্যান্ড অ্যাক্সেস এই দিন এবং যুগে একটি প্রয়োজনীয়তা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীরা যেখানেই বাস করেন, কাজ করেন এবং স্কুলে যান সেখানেই সংযোগ এবং সামর্থ্যের অধিকারী। এই অপরিহার্য লক্ষ্য অর্জনের জন্য গভর্নর হোকলের একটি পরিকল্পনা রয়েছে এবং আমাদের মহান রাজ্য জুড়ে সুবিধাবঞ্চিত এবং পরিষেবাহীন সম্প্রদায়ের জন্য পরিষেবাগুলি নিয়ে আসার জন্য প্রতিটি কোণে উদ্ভাবন করছে। নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি কানেক্টঅল চার-কাউন্টি মডেল প্রকল্পের অংশ হতে পেরে গর্বিত এবং আমরা এই সমাধানের অংশ হয়ে থাকতে উন্মুখ যখন আমরা এবং আমাদের রাজ্যের ও বেসরকারি অংশীদাররা কানেক্টঅল এর জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট কনফারেন্স অফ মেয়রসের নির্বাহী পরিচালক পিটার এ বেইন্সের বলেছেন, "21তম শতাব্দীর অর্থনীতিতে একজনের সাফল্যের জন্য অ্যাক্সেসযোগ্য এবং উচ্চ-মানের ব্রডব্যান্ড অপরিহার্য। নিউ ইয়র্ক স্টেট কনফারেন্স অফ মেয়রস একটি ইন্টারেক্টিভ ব্রডব্যান্ড ম্যাপ তৈরি করার জন্য গভর্নর হোকলকে সাধুবাদ জানায় যা কন নিউ ইয়র্কবাসীরা নির্ভরযোগ্য ব্রডব্যান্ড অ্যাক্সেস ছাড়াই রয়ে গেছেন তার আসল কাহিনী বলে। এই মানচিত্রটি শহর এবং গ্রামের নেতাদের একটি গুরুত্বপূর্ণ সরঞ্জাম প্রদান করবে যখন তারা তাদের সমস্ত

বাসিন্দা এবং ব্যবসায়িদের এই প্রয়োজনীয় পরিকাঠামোতে অ্যাক্সেস রয়েছে তা নিশ্চিত করার জন্য কাজ করেন।"

কানেক্টঅল প্রোগ্রামের সাথে যোগাযোগ করতে broadband.ny.gov এ যান অথবা nysbroadband@esd.ny.gov এ যোগাযোগ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418